

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬.২০১৯-৩৮০

তারিখঃ ২৫/০৫/২০১৯

বিষয়ঃ ডাঃ মুজিবুর রহমান (৪১৯৯৩), সহকারী অধ্যাপক, ডার্মাটোলজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ শেখ হাসিনা মেডিকেল কলেজ, হবিগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মুজিবুর রহমান (৪১৯৯৩), সহকারী অধ্যাপক, ডার্মাটোলজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ শেখ হাসিনা মেডিকেল কলেজ, হবিগঞ্জ মোবাইল ফোনে ডাঃ গঞ্জজ কান্তি গোস্বামীর হাত-পা ভেঙ্গে দেয়া ও কেটে ফেলার হুমকীসহ অশোভন আচরণের অভিযোগসমূহ সত্যতা অভিযোগকারীদের লিখিত বক্তব্যে বা জবানবন্দিতে বহিঃ প্রকাশ হওয়া, তাছাড়া জবানবন্দি প্রদানে বিরত থাকার নিমিত্তে তদন্তের নির্ধারিত তারিখে আপনার অনুপস্থিতি এবং তদন্তস্বার্থে আপনার আচরনগত তথ্য অনুসন্ধানের বর্ণিত অভিযোগে অভিযুক্ত হওয়ার বিষয়টি অনুমিত হয়েছে;

যেহেতু, আপনার উল্লিখিত আচরণ সরকারি কর্মচারী আচরণ বিধিমালায় পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালায় অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিপরীত এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব


ডাঃ মুজিবুর রহমান (৪১৯৯৩)
সহকারী অধ্যাপক, ডার্মাটোলজি
ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
সংযুক্তঃ শেখ হাসিনা মেডিকেল কলেজ, হবিগঞ্জ।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬.২০১৯- ৩৮০/৭(৭)

তারিখঃ ২৫/০৫/২০১৯

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসে অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জ্ঞান করে জারীর প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ২। অধ্যক্ষ, শেখ হাসিনা মেডিকেল কলেজ, হবিগঞ্জ।
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৪। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম)
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। অফিস কপি।



মোঃ আবদুছ সালাম
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hsd.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ মুজিবুর রহমান (৪১৯৯৩), সহকারী অধ্যাপক, ডার্মাটোলজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ শেখ হাসিনা মেডিকেল কলেজ, হবিগঞ্জ মোবাইল ফোনে ডাঃ পঙ্কজ কান্তি গোস্বামীর হাত-পা ভেঙ্গে দেয়া ও কেটে ফেলার হুমকীসহ অশোভন আচরণের অভিযোগসমূহ সত্যতা অভিযোগকারীদের লিখিত বক্তব্যে বা জবানবন্দিতে বহিঃ প্রকাশ হওয়া, তাছাড়া জবানবন্দি প্রদানে বিরত থাকার নিমিত্তে তদন্তের নির্ধারিত তারিখে আপনার অনুপস্থিতি এবং তদন্তস্বার্থে আপনার আচরণগত তথ্য অনুসন্ধানে বর্ণিত অভিযোগে অভিযুক্ত হওয়ার বিষয়টি অনুমিত হয়েছে। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব